গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইসলামপুর, জামালপুর
www.islampur.jamalpur.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৩৯২৯.০০০.০০.০০৩.২২-৫৪৩ তারিখঃ ২৭-০৭-২০২৬ খ্রি.

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণের জন্য সাক্ষাৎকার গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সকল **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদের জন্য আবেদনকারীদের** অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ইসলামপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আবেদনকারীদেরকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সাক্ষাৎকারে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| ক্রমিক নং | পদের নাম | ইউনিয়নের নাম | সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | ইসলামপুর পৌরসভা ও সকল ইউনিয়ন | ২৮-০৭-২০২৬খ্রি. দুপুর ০২.০০ ঘটিকা --- ০৫.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | তথ্য সংগ্রহকারী | ইসলামপুর পৌরসভা, গাইবান্ধা, পাথর্শী, চরপুটিমারী, গোয়ালেরচর, চরগোয়ালীনি **(সকল আবেদনকারী)** | ২৯-০৭-২০২৬খ্রি. সকাল ১০.০০ ঘটিকা --- ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৩ | তথ্য সংগ্রহকারী | সাপধরী, বেলগাছা, কুলকান্দি, পলবান্ধা, নোয়ারপাড়া, ইসলামপুর সদর ও চিনাডুলী ইউনিয়ন **( শুধুমাত্র বর্ধিত সময়ে আবেদনকৃতদের মৌখিক পরীক্ষা)** | ২৯-০৭-২০২৬খ্রি. সকাল ১০.০০ ঘটিকা --- ১.০০ ঘটিকা পর্যন্ত। |

***** ইসলামপুর পৌরসভা, গাইবান্ধা, পাথর্শী, চরপুটিমারী, গোয়ালেরচর ও চরগোয়ালীনি ইউনিয়নের সকল আবেদনকারীদের মৌখিক পরীক্ষা একসাথে সকাল ১০.০০ ঘটিকায় শুরু হবে।**

***** সাপধরী, বেলগাছা, কুলকান্দি, পলবান্ধা, নোয়ারপাড়া, ইসলামপুর সদর ও চিনাডুলী ইউনিয়নের যে সকল আবেদনকারী গত ২৫/০৭/২০২৬ তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের পুনরায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন নেই।**

এমতাবস্থায় উল্লিখিত সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ইসলামপুর, জামালপুর এ জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার মূল সনদসহ স্বশরীরে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে সাক্ষাৎকারে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

27/07/2026

শাহ্ মোঃ জুবায়ের
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ইসলামপুর, জামালপুর।

CamScanner